

রাষ্ট্রপতির নরওয়ে সফর(১৩-১৪ অক্টোবর ২০১৪)

নরওয়ে রাজতন্ত্রের রাজা মহামান্য রাজা হেরাল্ড পঞ্চমের আমন্ত্রণে রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জি ১৩-১৪ অক্টোবর ২০১৪ রাষ্ট্রীয় সফরে নরওয়ে যাবেন।

এই সফরে রাষ্ট্রপতি মহামান্য রাজা হেরাল্ডের সংগে বৈঠক করবেন এবং রাজপরিবারের অন্য সদস্যদের মধ্যে রাণী সনজা, মহামান্য যুবরাজ হাঙ্কান এবং মহামান্য যুবরাণী মেটে-মারিটের সংগে সাক্ষাৎ করবেন। রাষ্ট্রপতি সেখানে প্রধানমন্ত্রী শ্রীমতী এরনা সোলবার্গ ও স্টোরটিং(সংসদ) প্রেসিডেন্ট মিঃ ওলিমিক থমসেনের সংগেও বৈঠক করবেন।

নরওয়ে ও ভারতের মধ্যে হৃদয়তাপূর্ণ বন্ধুত্বমূলক সম্পর্ক রয়েছে। ভারতের কোনো রাষ্ট্রপ্রধানের এই প্রথম সফরে ভারত ও নরওয়ের মধ্যে বন্ধুত্বপূর্ণ ও সহযোগিতামূলক সম্পর্ক আরো সম্প্রসারিত হবে।

কেন্দ্রীয় মন্ত্রী, সংসদ সদস্য, উচ্চপদস্থ অফিসার এবং শিক্ষাপ্রতিষ্ঠানের উচ্চপদস্থ প্রতিনিধিদল সহ একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল রাষ্ট্রপতির সফরসঙ্গী হবেন। বিজ্ঞানী এবং বণিক প্রতিনিধিরাও সফরসঙ্গী হচ্ছেন।

নয়াদিল্লি

৮ অক্টোবর ২০১৪